71

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## জাতি গঠনে কারিগরি শিক্ষার প্রয়োজনীয়তা অপরিহার্য

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, জাতি গঠনে কারিগরি শিক্ষা ও কারিগরি জ্ঞানের প্রয়োজনীয়তা অপরিহার্য এবং এ জন্যই বর্তমান সরকার এই

(১১শ পৃ: দ্র:)

### শিক্ষামন্ত্রী

(শেষ পৃ: পর)

শিক্ষার প্রসার ও মানোন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। মন্ত্রী গতকাল (শনিবার) সকালে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সভাকক্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা অধিদপ্তর আয়োজিত এবং সুইডিস আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (সিডা)-এর সাহায্যপুষ্ট প্রকল্পাধীন কারিগরি বৃত্তিমূলক পাঠ্যক্রমের জন্য প্রণীত শিক্ষা উপাদান ব্যবহার পদ্ধতির উপর একদিনের এক প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দিতেছিলেন। বোর্ডের চেয়ারম্যান আব্দুর রফিকের সভাপতিত্বে অনুষ্ঠানে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আর, মল্লিক এবং সিডা প্রকল্পের উপদেষ্টা টিগ গ্রাওার বিশেষ অতিথি হিসাবে বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা ব্যবস্থা পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী, শিক্ষক এবং শিক্ষা উপকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বৃত্তিমূলক পাঠ্যক্রমের জন্য ইংরেজী ও বাংলা ভাষায় আটটি ট্রেডে ৮০টি বিভিন্ন শিক্ষা উপাদান প্রণয়নের উদ্যোগ গ্রহণ করায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং সিডা কর্মকর্তাদের ধন্যবাদ জানান।

—তথ্য বিবরণী